দৈনিক ইনকিলাব

তারিখ 25 JAN 2009
পৃষ্ঠা ১৭

# বেসরকারী খাতে সম্পূরক মেডিক্যাল শিক্ষায় সহায়তা বাড়বে : অর্থমন্ত্রী

অর্থনৈতিক রিপোর্টার ।।

অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত বলেছেন, সরকার দেশের ও বিদেশের বর্তমান চাহিদা পূরণে আরো সেবিকা ও টেকনিশিয়ানদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বেসরকারী খাতে সম্পূরক মেডিক্যাল শিক্ষার ওপর গুরুত্ব দেবে। গতকাল (শনিবার) মন্ত্রণালয়ের অফিসকক্ষে টঙ্গীর ইন্টারন্যাশনাল মেডিক্যাল কলেজের পরিচালনা পরিষদের সঙ্গে পৃঃ ১৮ কঃ ১৮

## বেসরকারী খাতে সম্পূরক

১২-এর পৃষ্ঠার পর

বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী একথা বলেন। বেসরকারী মেডিকেল কলেজগুলো এ ধরনের জনশক্তি উৎপাদনে কোন্ ধরনের সমস্যার মোকাবেলা করছে তা মন্ত্রীকে অবহিত করার জন্য তারা মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলে ছিলেন, প্রফেসর সাহেলা খাতুন, মেজর জেনারেল (অব.) এম এ রব, ড. এম এ যবিন খান, ড. আহমেদ আল কবীর, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) কামালুদ্দীন ও আতিকুর রহমান। অর্থমন্ত্রী বলেন, বিগত সরকার বিভিন্ন সরকারী মেডিক্যাল কলেজ ও অন্যান্য ইনস্টিটিউশনের মাধ্যমে সেবিকা ও এ ধরনের অন্যান্য টেকনিশিয়ানদের প্রশিক্ষণ নিয়ন্ত্রণ করতো। তবে এ নীতি ইতোমধ্যে পরিবর্তিত হয়েছে। ফলে বেসরকারী মেডিক্যাল কলেজগুলোর জন্য এ সুযোগ উন্মুক্ত হয়েছে। তিনি জানান, বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো ব্যাপকভাবে এ ধরনের শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করছে। মন্ত্রী বলেন, দেশের স্বাস্থ্যখাতে কারিগরি দক্ষতাসম্পন্ন জনশক্তি বাড়াতে বেসরকারী মেডিক্যাল কলেজগুলো ও ইনস্টিটিউশনের অংশগ্রহণ বৃদ্ধি করার লক্ষ্যে বর্তমান সরকার এই উদ্যোগকে উৎসাহিতকরণ অব্যাহত রাখবে। দেশের সরকারী ও বেসরকারী ক্ষেত্রে চিকিৎসা সেবার সম্প্রসারণ হওয়ায় অস্ত্রোপচার পরবর্তী সেবার চাহিদা বাড়ার পরিপ্রেক্ষিতে দেশে ও বিদেশে সেবিকাদের চাহিদাও বাড়ছে উল্লেখ করে তিনি বলেন, দেশের মেডিক্যাল সেবার উন্নয়নে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সর্বোপরি বিদেশে এ ধরনের জনশক্তি রফতানি করে দেশ প্রচুর পরিমাণ রাজস্ব আয় করতে পারে।